বাংলাদেশ ব্যাংক

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

প্রধান কার্যালয়

ঢাকা ।

বিজ্ঞপ্তি নং-৪৪/২০২০ তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২৭ / ০৪ জুন, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত জনতা ব্যাংক লিমিটেড এ ‘সিনিয়র অফিসার (প্রকৌশল) - ইলেকট্রিক্যাল/ টেক্সটাইল/ আর্কিটেকটচার/ লেদার টেকনোলজি’ এর ২০১৮ সাল ভিত্তিক ০৯টি শূন্য পদে নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতের জন্য জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেড (বেতন স্কেল ৳২২,০০০/- - - ৳৫৩,০৬০/-) অনুসারে নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পদনাম	পদ সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা
সিনিয়র অফিসার (প্রকৌশল)-ইলেকট্রিক্যাল	১টি	স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল (ইলেকট্রিক্যাল) বিষয়ে স্নাতক ডিগ্রী থাকতে হবে।
সিনিয়র অফিসার (প্রকৌশল)-টেক্সটাইল	৬টি	স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল (টেক্সটাইল) বিষয়ে স্নাতক ডিগ্রী থাকতে হবে।
সিনিয়র অফিসার (প্রকৌশল)-আর্কিটেকটচার	১টি	স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল (আর্কিটেকটচার) বিষয়ে স্নাতক ডিগ্রী থাকতে হবে।
সিনিয়র অফিসার (প্রকৌশল)-লেদার টেকনোলজি	১টি	স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশল (লেদার টেকনোলজি) বিষয়ে স্নাতক ডিগ্রী থাকতে হবে।
সর্বমোট	৯টি	

২. (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২(দুই)টিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারী নীতিমালা প্রযোজ্য হবে।

(খ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ/শ্রেণি
২.২৫ বা তদূর্ধ্ব ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ/শ্রেণি

৩. **বয়স (০১/০৭/২০১৯ তারিখে) :** ক) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।
খ) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।

৪. **আবেদনপত্র পূরণ ও ফি প্রদানের শেষ তারিখ ও সময় :**২৩ /০৬/২০২০ তারিখ, রাত ১১.৫৯ টা।

৫. **Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময়** :২৫/০৬/২০২০ তারিখ, রাত ১১.৫৯ টা।

৬. **আবেদন ফি এর পরিমাণ :** পরীক্ষার ফি অফেরতযোগ্য **টা:২০০/-(টাকা** দুইশত মাত্র) যা ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর Payment Gateway **‘রকেট’** এর মাধ্যমে প্রদান করতে হবে।

৭. **আবেদন পদ্ধতি :**

ক. **Online Application Form :** শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) -এর Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। Online এ আবেদন দাখিলের সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **প্রার্থীর বিবরণ :** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে Online আবেদনে ঠিক সেভাবে লিখতে হবে।

গ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা :** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানা প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। তবে অবিবাহিত মহিলা প্রার্থীগণ আবেদন দাখিলের পরে বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

ঘ. **ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) :** নতুন আবেদনকারী প্রার্থীদেরকে অবশ্যই Online Application Form এ ছবি ও স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে।

ঙ. **অর্জিত ডিগ্রীর ফলাফলের তারিখ :** Online Application Form এর নির্ধারিত ঘরে পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রীর ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

চ. **বিদেশী ডিগ্রীপ্রাপ্ত প্রার্থী :** প্রার্থী ‘O’ Level ও ‘A’ Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

চলমান পাতা-২

পূর্ব পৃষ্ঠার পরঃ

ছ. **CV ID No. গ্রহণ :** বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে ইত:পূর্বে আবেদনকৃত প্রার্থীদের বিদ্যমান CV ID No. এবং Password ব্যবহার করে Online Application Form পূরণ করতে হবে। নতুন আবেদনকারীগণ ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এর মাধ্যমে Online Application Form এর প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করলে একটি CV ID No. এবং Password প্রাপ্ত হবেন। প্রাপ্ত CV ID No. এর ১ম অংশ [হাইফেনের(-) পূর্বের অংশ] আবেদন ফি প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে ।

জ. **Job ID No :** বর্ণিত পদসমূহের Job ID No আবেদন ফি প্রদানের সময় নির্ধারিত স্থানে ব্যবহার করতে হবে।

পদনাম	Job ID No
সিনিয়র অফিসার (প্রকৌশল)-ইলেকট্রিক্যাল	10094
সিনিয়র অফিসার (প্রকৌশল)-টেক্সটাইল	10095
সিনিয়র অফিসার (প্রকৌশল)-আর্কিটেকটচার	10096
সিনিয়র অফিসার (প্রকৌশল)-লেদার টেকনোলজি	10097

ঝ. **আবেদন ফি প্রদান পদ্ধতি :** আবেদন ফি জমা দেয়ার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে। Prepaid পদ্ধতিতে একজন আবেদনকারী এজেন্ট অথবা নিজের একাউন্ট এর মাধ্যমে নির্ধারিত Job ID No এবং প্রার্থীর CV ID No. এর ১ম অংশ [হাইফেনের(-) পূর্বের অংশ] এর বিপরীতে আবেদন ফি প্রদান করবেন। আবেদন ফি প্রদান করলে প্রার্থী জমাকৃত ফি এর বিপরীতে একটি Txn ID নম্বর পাবেন। প্রাপ্ত Txn ID নম্বরটি ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এর মাধ্যমে Online Application Form এর নির্ধারিত ঘরটি পূরণ করলে ফি প্রদানের verification সাপেক্ষে তাঁকে একটি Tracking No. প্রদান করা হবে। একজন প্রার্থী Tracking No. প্রাপ্ত হলেই তার আবেদন যথাযথভাবে সম্পন্ন হয়েছে বলে বিবেচিত হবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি ভবিষ্যতে ব্যবহারের জন্য হার্ডকপি আকারে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কোনো অবস্থাতেই Tracking Number Form এর Duplicate Copy সরবরাহ করা হবে না।

৮. Online Application Form এ প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী জেলা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে নিজে পূরণ করতে হবে। Online Application Form এ প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচন করা হবে।

৯. প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশ করা হবে। উল্লেখ্য, প্রার্থীদের অবহিতকরণের জন্য বাংলাদেশ ব্যাংকের পক্ষ হতে এসএমএস/ইমেইল/ফোন/পত্র প্রেরণ বা অন্য কোনো মাধ্যমে কোনো প্রকার যোগাযোগ করা হবে না।

১০. প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষা এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. প্রার্থীদেরকে Online আবেদনের সময় কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন জমা দিতে হবে। Online Application Form এ প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো substantive ত্রুটি ধরা পড়লে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে মেধাতালিকা প্রস্তুতিকালেও যদি কোনো প্রকার গুরুতর ত্রুটি/অসঙ্গতি (যেমন : স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পরীক্ষার ফল প্রকাশের তারিখ, জন্ম তারিখ, নাগরিকত্ব সনদ ইত্যাদি) পরিলক্ষিত হলে বা অসম্পূর্ণ/অসত্য তথ্য পাওয়া গেলে প্রার্থীকে তালিকাভুক্ত করা হবে না।

১২. চাকুরীরত প্রার্থীদেরকে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১৩. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪. সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

১৫. মেধাতালিকা শুধুমাত্র এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০১৮ সাল ভিত্তিক ০৯টি শূন্যপদের জন্য প্রযোজ্য হবে। সংশ্লিষ্ট ব্যাংকে ৩১/১২/২০১৮ তারিখের পরে শূন্য হওয়া পদের জন্য এ মেধাতালিকা হতে প্রার্থী নির্বাচন করা হবে না।

বিশেষ দ্রষ্টব্য : শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র পূরণ ও নির্ধারিত ফি প্রদানকরতঃ Tracking Number Form টি হার্ডকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিত/-
(আরিফ হোসেন খান)
মহাব্যবস্থাপক ও সদস্য
সচিব
ব্যাংকার্স সিলেকশন কমিটি